

## পরীক্ষা

# চট্টগ্রাম বোর্ডের এইচএসসি স্থগিত চার পরীক্ষার নতুন সময়সূচিও ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বন্যার কারণে চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক **শিক্ষা বোর্ডের** এইচএসসি ও সমমানের চারটি পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়। চারটি বিষয়ের পরীক্ষা কবে নেওয়া হবে, সেই সময়সূচিও ঘোষণা করা হয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি পরীক্ষার স্থগিত হওয়া প্রথম চারটি বিষয়ের নতুন তারিখ নির্ধারণ করা হয়েছে। চট্টগ্রাম বোর্ডের ১৭ আগস্টের বাংলা প্রথমপত্রের পরীক্ষা ২৭ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। ২০ আগস্টের বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষা ১ অক্টোবরে, ২২ আগস্টের ইংরেজি প্রথমপত্রের পরীক্ষা ৩ অক্টোবরে এবং ২৪ আগস্টের ইংরেজি দ্বিতীয়পত্রের পরীক্ষা ৫ অক্টোবর নেওয়া হবে।

এদিকে আলিমের স্থগিত পরীক্ষার নতুন সূচি প্রকাশ করেছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। ১৭ আগস্ট থেকে আলিম পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও প্রাকৃতিক দুর্ঘাগের কারণে পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়। ১৭ থেকে ২৪ আগস্ট পর্যন্ত স্থগিত হওয়া চারটি পরীক্ষার নতুন সূচি প্রকাশ করা হলো।





---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো